গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোসাইরহাট, শরীয়তপুর।
www.goshairhat.shariatpur.gov.bd.

স্মারক নং-০৫.৩০.৮৬৩৬.০০০.৪১.০০১.২২-৩৬ তারিখ : ১৮ জানুয়ারি ২০২২।

হাট-বাজারের ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকাদেশ মূলে সরকারি হাট-বাজারসমূহের ইজারা পদ্ধতি, ব্যবস্থাপনা সংক্রান্ত প্রাপ্ত সর্বশেষ নীতিমালা এবং একই মন্ত্রণালয়ের ২০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩ নং স্মারকের পরিপত্র অনুযায়ী গোসাইরহাট উপজেলার ভৌগলিক সীমানার মধ্যে অবস্থিত তফসিলে বর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৯ সালে ইজারা প্রদানের জন্য (০১ বৈশাখ ১৪২৯ হতে ৩০ চৈত্র ১৪২৯ পর্যন্ত) এক বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ীভাবে টোল আদায়ের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি হাটের জন্য পৃথক পৃথকভাবে সিলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর, সহকারী কমিশনার (ভূমি), গোসাইরহাট, সোনালী ব্যাংক, গোসাইরহাট শাখা ও গোসাইরহাট থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে ক্রয় করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), গোসাইরহাট, পুলিশ সুপারের কার্যালয়, শরীয়তপুর এবং জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দেয়া যাবে। সিডিউল বিক্রিত টাকা অফেরৎযোগ্য। ধার্য্য তারিখ বেলা ০৩.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেই উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। ইজারার কাঙ্খিত সরকারি মূল্য, দরপত্র ফরমের মূল্য এবং টেন্ডারের সময়সূচি নিম্নরূপঃ

তফসিলভুক্ত হাট-বাজার ইজারার ক্যালেন্ডার

বিজ্ঞপ্তি	দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ		দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	
১ম পর্যায়	২৫/০১/২০২২	২২/০২/২০২২	২৩/০২/২০২২ সকাল ০৯ টা হতে ০২.০০টা পর্যন্ত	২৩/০২/২০২২	৩.৩০ টা
২য় পর্যায়	০১/০৩/২০২২	১৪/০৩/২০২২	১৫/০৩/২০২২ সকাল ০৯ টা হতে ০২.০০টা পর্যন্ত	১৫/০৩/২০২২	
৩য় পর্যায়	২১/০৩/২০২২	২৯/০৩/২০২২	৩০/০৩/২০২২ সকাল ০৯ টা হতে ০২.০০টা পর্যন্ত	৩০/০৩/২০২২	

তফসিলভুক্ত হাট-বাজার

ক্রম	হাট-বাজারের নাম	ইউনিয়নের নাম	সরকারি কাংখিত ইজারা মূল্য	দরপত্র (সিডিউল) ফরমের মূল্য (অফেরতযোগ্য)
০১	হাটুরিয়া তোহা-হাট	নলমুড়ি ইউনিয়ন	৩,১৫,৬৬০/-	১,৪০০/-
০২.	হাটুরিয়া গো-হাট	নলমুড়ি ইউনিয়ন	১৩,৪২৭/-	৫০০/-
০৩.	শরীফ বাজার	নলমুড়ি ইউনিয়ন	৩১,৯৭৭/-	৫০০/-
০৪.	পাঁচকাঠি মিয়ার হাট	নলমুড়ি ইউনিয়ন	১১,৬৯৫/-	৫০০/-
০৫.	নাগেরপাড়া তোহা-হাট	নাগেরপাড়া ইউনিয়ন	৬,৯৮,০১০/-	২,০০০/-
০৬.	শিবপুর কাচারী বাজার	নাগেরপাড়া ইউনিয়ন	৩৯,৮৬৭/-	৫০০/-
০৭	বড় কালিনগর হাট	নাগেরপাড়া ইউনিয়ন	১,৯২৬/-	৫০০/-
০৮.	সামন্তসার বাংলা বাজার	সামন্তসার ইউনিয়ন	১,৫৫,৬৪৩/-	১,০০০/-
০৯.	জুশিরগাঁও হাট	সামন্তসার ইউনিয়ন	৮৮,৫৪৪/-	৫০০/-
১০.	চরজালালপুর তোহা-হাট	আলাওলপুর ইউনিয়ন	২৬,৮১২/-	৫০০/-
১১.	চরজালালপুর টেকের হাট	আলাওলপুর ইউনিয়ন	৯২,২২০/-	৫০০/-
১২.	গরিবেরচর তোহা-হাট	আলাওলপুর ইউনিয়ন	১,৩৬,৬৮৭/-	১,০০০/-
১৩.	ছাদিমালী বেপারী বাজার	আলাওলপুর ইউনিয়ন	১৩,১৪৫/-	৫০০/-
১৪.	কোদালপুর তোহা-হাট	কোদালপুর ইউনিয়ন	১০,৪৪,১১২/-	২,৮০০/-
১৫.	বালুচর বাজার	কোদালপুর ইউনিয়ন	২,০৯,৭৩৯/-	১,২০০/-
১৬.	সাইখ্যা বাজার	গোসাইরহাট ইউনিয়ন	৬,২৪৭/-	৫০০/-
১৭.	ভিমখিল তোহা-হাট	কুচাইপট্টি ইউনিয়ন	১,৯৫,৩৯৪/-	১,০০০/-
১৮.	কোলচরী মাদ্রাসার হাট	কুচাইপট্টি ইউনিয়ন	৭,২২১/-	৫০০/-
১৯.	ইদিলপুর নতুন বাজার	ইদিলপুর ইউনিয়ন	৪,৪৬৭/-	৫০০/-

প্রথম দফায় দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে (সরকারি মূল্যের সমান/বেশী) পরবর্তী দফাসমূহে ঐ হাটের দরপত্র বিক্রয় করা হবে না। উক্ত নিয়মে দ্বিতীয় ও তৃতীয় দফাসমূহে প্রযোজ্য হবে। প্রথম হতে তৃতীয় দফা পর্যন্ত কোন বাজারের দাখিলকৃত ইজারামূল্য সন্তোষজনক না হলে কিংবা কোন বাজারের দরপত্র প্রথম হতে তৃতীয় দফা পর্যন্ত দাখিল না হলে উপরে বর্ণিত হাট-বাজারসমূহ ০১ বৈশাখ ১৪২৯ বাংলা সন হতে খাস আদায় কার্যক্রম চলমান থাকবে।

দরপত্রের শর্তাবলীঃ

০১। ০১ বৈশাখ ১৪২৯ হতে ৩০ চৈত্র ১৪২৯ বাংলা ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

০২। দরদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, গোসাইরহাট এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যয়িত অর্থ জমাকারীর অনুকূলে ফেরৎ প্রদান করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ এবং দাখিলকৃত দরের অতিরিক্ত ৫% আয়কর ও ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রিত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোলরেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট (টানানোর) প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতিটি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ(ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন এবং নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৩। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রের বর্ণিত দর পরিষ্কারভাবে লিখতে হবে।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরৎ প্রদান করা হবে।

১৫। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৬। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮/০১/২২

মো: আলমগীর হুসাইন
উপজেলা নির্বাহী অফিসার
গোসাইরহাট, শরীয়তপুর
মোবাইল নং-০১৭০১-২৬৭৯৯০

স্মারক নং-০৫.৩০.৮৬৩৬.০০০.৪১.০০১.২২-৩৬ তারিখ : ১৮ জানুয়ারি ২০২২।

সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য :

০১। জেলা প্রশাসক, শরীয়তপুর।

০২। উপপরিচালক, স্থানীয় সরকার, শরীয়তপুর।

০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), শরীয়তপুর।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোসাইরহাট, শরীয়তপুর।

০৫। মেয়র, গোসাইরহাট পৌরসভা, গোসাইরহাট, শরীয়তপুর।

০৬। উপজেলা .... কর্মকতা, গোসাইরহাট-কে অফিসের নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের অনুরোধসহ।

০৭। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), গোসাইরহাট-কে অফিসের নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের অনুরোধসহ।

০৮। ব্যবস্থাপক, ... ব্যাংক (সকল), গোসাইরহাট, শরীয়তপুর।

০৯। কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, গোসাইরহাট, শরীয়তপুর।

১০। সম্পাদক, ... পত্রিকা। তাঁকে পরবর্তী সংখ্যায় ভিতরের পাতায় ০৪ কলামে ০৮ ইঞ্চির মধ্যে ০১ দিনের জন্য তার পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশ করে ০২ কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।

১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ... ইউনিয়ন ভূমি অফিস (সকল), গোসাইরহাট-কে অফিসের নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের অনুরোধসহ।

১২। বাংলা ১৪২৮সনের ইজারাদার জনাব ....(সকল), পিতা .... গ্রাম: ...., গোসাইরহাট, ... হাট-বাজার।

১৩। নোটিশ বোর্ড/অফিস কপি।

১৮/০১/২২

উপজেলা নির্বাহী অফিসার
গোসাইরহাট, শরীয়তপুর।